

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় সনাতন বিদ্যার্থী সংসদ এর আয়োজনে শ্রী শ্রী দোল পূর্ণিমা
এর নবীনবরণ ও বৈদিক ধর্মসভা অনুষ্ঠিত**



২২মার্চ-২০১৯, শুক্রবার, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সনাতন বিদ্যার্থী সংসদ কর্তৃক আয়োজিত শ্রী শ্রী দোল পূর্ণিমা এর নবীনবরণ ও বৈদিক ধর্মসভা অনুষ্ঠান রাষ্ট্রবিজ্ঞান বিভাগের কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় সনাতন বিদ্যার্থী সংসদ জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর সভাপতি শ্রীশুভ চন্দ্র বালা এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার। এসময় উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশ এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল শ্রীভানুলাল দাস। এছাড়াও বিশেষ বক্তা জগন্নাথ বিশ্ববিদ্যালয় পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, প্রধান বক্তা বাংলাদেশ জাতীয় হিন্দু সমাজ সংস্কার সমিতি এর অধ্যাপক ড. শ্রীহীরেন্দ্রনাথ বিশ্বাস ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় সনাতন বিদ্যার্থী সংসদ-এর সাধারণ সম্পাদক(ভারপ্রাপ্ত) শ্রী সুদীপ্ত পাল সহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

